# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - দৈনন্দিন যিকর ওযীফা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রথম পর্বঃ সকালের যিকর-ওযীফা - ৮. সালাতই সর্বশ্রেষ্ঠ যিকর - (ঘ). সাজদার যিকর

ইতোপূর্বে বিভিন্ন হাদীস থেকে আমরা জেনেছি যে, সাজদার মধ্যে আল্লাহর তাসবীহ ও মর্যাদা প্রকাশ এবং বেশি বেশি দু‘আ করা প্রয়োজন।

যিকর নং ৫৬ : সাজদার যিকর

(سبحان ربي الأعلى)

উচ্চারণঃ সুব-হা-না রাব্বিয়াল আ’লা।

অর্থঃ “মহাপবিত্র আমার প্রভু যিনি সর্বোচ্চ।”

অর্থের দিকে খেয়াল রেখে আবেগ ও ভক্তির সাথে এই তাসবীহগুলি বলতে হবে।

এছাড়া বিভিন্ন তাসবীহ ও দু‘আ রাসূলুল্লাহ (সা.) নিজে সাজদার মধ্যে বলতেন ও বলতে শিখিয়েছেন। উপরে রুকুর তাসবীহের মধ্যে উল্লেখ করেছি যে তিনি “সুববূহুন কুদ্দূসুন রাব্বুল মালাইকতি ওয়ার রূহ” রুকু ও সাজাদায় বলতেন। সাজদার আরো দুটি দু‘আ আমি ইতোপূর্বে (২৪ ও ২৫ নং যিকর) উল্লেখ করেছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন